



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র/২০১১/১৫৯৫

তারিখঃ ২৩/০৯/২০১৪ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৫২৮ তম কমিশন সভা অদ্য ২৩/০৯/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

১. C & A Textiles Limited এর ১০.০০ টাকা মূল্যমানের ৪.৫০ কোটি টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৪৫.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে বিল্ডিং কন্সট্রাকশন, ম্যশিনারিজ ক্রয়, ব্যাংক লোন পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ শে ডিসেম্বর, ২০১৩ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ১.৭৮ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ১৮.৩৮ (রিভ্যালুয়েশন সারপ্রাস ছাড়া) টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে AFC Capital Limited এবং Imperial Capital Limited।
২. Fine Food Limited এর ৩০শে জুন ২০১৩ তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, কোম্পানি নিম্নোক্ত আইনগুলো ভঙ্গ করেছেঃ
 - i) BAS-02 & 12
 - ii) Provision of part-I of schedule xi of the Companies Act 1994; read with
 - iii) Rule 12(2) of Securities and Exchange Rules, 1987 read with
 - iv) Section 18 of the Securities and Exchange Ordinance, 1969 (Submission of untrue and incorrect financial statements).

উপরোক্ত আর্থিক বিবরণীতে অসত্য তথ্য সরবরাহের মাধ্যমে সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের কারণে কমিশন আজকের সভায় Fine Foods Limited কে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তাছাড়া আর্থিক প্রতিবেদনের অসমঞ্জস্যতা আগামী আর্থিক প্রতিবেদনে সংশোধনেরও নির্দেশ দেয়া হয়।

৩. সভায় Bangladesh Industrial Finance Company Limited (BIFC) এর রাইট শেয়ার (১ঃ২ অনুপাতে অর্থাৎ বিদ্যমান ২টি সাধারণ শেয়ারের বিপরীতে ১টি রাইট শেয়ার) ইস্যুর অনুমোদন প্রদান করা হয়েছে। এই রাইট শেয়ারের মাধ্যমে বিআইএফসি -কে কমিশন ৩৩,৫৫৯,৯৮১ টি সাধারণ শেয়ার প্রতিটি টাকা ১০ মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। এর মাধ্যমে কোম্পানীটি ৩৩৫,৫৯৯,৮১০.০০ টাকা পুঁজিবাজার থেকে উত্তোলন করে পরিশোধীত মূলদন বৃদ্ধিতে ব্যবহার করবে।

উপরোক্ত সিদ্ধান্ত সমূহ ব্যতিত আজকের সভায় বাজারের বর্তমান অবস্থা পর্যালোচনা করা হয়। সভায় বাজারের স্থিতিশীলতা এবং টেকসই প্রবৃদ্ধির উপর জোর দেয়া হয় এবং সম্মানিত বিনিয়োগকারীদেরকে কোন গুজবে কান না দিয়ে সিকিউরিটিজ মৌলভিত্তি বিবেচনায় নিয়ে বিনিয়োগ করার পরামর্শ দেয়া হয়।

 ২৩/০৯/২০১৪

ফরহাদ আহমেদ
নির্বাহী পরিচালক